

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৫০১.১৪.৮২৭.২২.৭১১

তারিখ: ২৬ আশ্বিন, ১৪৩১
০৬ অক্টোবর, ২০২৪

বিষয়: Multiple Indicator Cluster Survey (MICS) : Round 7 (2024-2025) এর লিস্টিং ও ম্যাপিং কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কর্মচারীদের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত।


Multiple Indicator Cluster Survey (MICS) একটি বিশ্বব্যাপী পরিচালিত খানা জরিপ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ১৯৯৩ সাল থেকে MICS জরিপ পরিচালনা করে আসছে। সর্বশেষ ২০১৯ সালে বিবিএস এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে MICS এর ৬ষ্ঠ রাউন্ড পরিচালিত হয়। এই জরিপ থেকে মা ও শিশুদের স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, প্রতিবন্ধিতা, বিবাহ, স্যানিটেশন এন্ড হাইজিন ইত্যাদি বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটর প্রস্তুত করা হয়। MICS এর তথ্য দেশের বিভিন্ন কৌশলগত পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এসডিজি এর বিভিন্ন গুরুত্বপূর্ণ ইন্ডিকেটর এর অগ্রগতি পরিবীক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

০২। বর্তমানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'Multiple Indicator Cluster Survey (MICS) : Round 7 (2024-2025)' পরিচালিত হচ্ছে। বর্ণিত জরিপে সারাদেশে ৩১৪৯টি প্রাইমারী স্যাম্পলিং ইউনিট (পিএসইউ) হতে তথ্য সংগ্রহ করা হবে। এ লক্ষ্যে সারাদেশের নির্বাচিত ৩১৪৯টি পিএসইউ তে লিস্টিং ও ম্যাপিং কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি চলছে। উক্ত কার্যক্রমে প্রতি লিস্টিংকারী ০৪ (চার)টি পিএসইউ এর লিস্টিং ও ম্যাপিং কাজ সম্পন্ন করবে। এমতাবস্থায়, লিস্টিং ও ম্যাপিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ট্যাবে তথ্য সংগ্রহ করার দক্ষতা রয়েছে এমন কর্মচারীদের মধ্য থেকে আপনার বিভাগাধীন পিএসইউ সমূহের মধ্যে একজন লিস্টার ০৪ (চার)টি পিএসইউ লিস্টিং করবে মর্মে পিএসইউ অনুযায়ী ৩য় শ্রেণী কর্মচারীর নামের তালিকা হার্ডকপি ও সফটকপি (ই-মেইল ঠিকানা: mahabub.alam@bbs.gov.bd এবং md.kalimullah456@gmail.com) আগামী ১৪ অক্টোবর, ২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) কর্মচারীর নামের তালিকা প্রেরণের ছক।

ক্রমিক নং	জেলার নাম	নাম ও পদবী	কর্মস্থল	দায়িত্বপ্রাপ্ত পিএসইউ

যুগ্মপরিচালক
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়
..... বিভাগ।


মো: এমদাদুল হক
পরিচালক
ফোন: ০২-৫৫০০৭০৫৮
ই-মেইল: emdad1972@yahoo.com

অনুলিপি:

০১) পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।

- ০২) স্ট্যাটিস্টিক্স এন্ড মনিটরিং স্পেশালিষ্ট, ইউনিসেফ বাংলাদেশ, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ০৪) ব্যক্তিগত সহকারী, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস, ঢাকা।
- ০৫) অফিস কপি।